

এসএসসি পরীক্ষা-২০০৩

নকলের দায়ে বহিষ্কৃত পরীক্ষার্থীদের স্কুলপ্রধানকেও ইউএনওর শোকজ

নান্দাইল (ময়মনসিংহ) প্রতিনিধি : চলতি এসএসসি পরীক্ষায় নকলসহ বিভিন্ন অভিযোগে বহিষ্কৃত ছাত্রছাত্রীদের স্ব স্ব স্কুলের প্রধান শিক্ষকদের শোকজ নোটিশ ইস্যু করেছেন নান্দাইল উপজেলা নির্বাহী অফিসার কাজী ওয়াহি উদ্দিন। একদিনের মধ্যে সমস্তাফসনক জবাব না পেলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানা গেছে।

জানা যায়, চলতি এসএসসি পরীক্ষা শুরু হলে থেকে এ পর্যন্ত পরীক্ষার হলে নকল বহনের দায়ে যেসব পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে সেসব পরীক্ষার্থীর স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানকেও শোকজ করা হয়েছে। (স্মারক নং-১০৫, তাং ২৯/৩/০৩)। ইউএনও অভিযোগ এনেছেন যে, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দিতে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকরা পরীক্ষার্থীদের মানসিকভাবে তৈরি করতে ব্যর্থ হয়েছেন। এতে সারা দেশের কাছে নান্দাইলের অবমূর্তি ফুগু হচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নকলপ্রবণ প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত করে শিক্ষকদের এমপিও বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের কথাও বলা হয়েছে শোকজে। এ বিষয়ে কোনো বক্তব্য থাকলে একদিনের মধ্যে জবাব দিতে নির্দেশ দিয়ে ইউএনও চিঠিতে বলেছেন, অস্বাভাব্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উপরতন কর্তৃপক্ষকে জানানো হবে।

এদিকে শোকজের জের ধরে শিক্ষকদের মধ্যে চাপা ফোড় বিরাজ করছে। একজন প্রধান শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে বলেন, শিক্ষকরা কি ছাত্র-ছাত্রীদের নকল করার জন্য অনুপ্রাণিত করে?